



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০
ই-মেইল : banglaacademy.pr@gmail.com academy1955@yahoo.com
ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :


তারিখ : ২৫.০৭.২০২৪

বিশিষ্ট ভাষাবিদ, গবেষক ও বাংলা একাডেমির ফেলো
ড. মাহবুবুল হকের প্রয়াণে শোকবাণী

বিশিষ্ট ভাষাবিদ, একুশে পদকপ্রাপ্ত প্রাবন্ধিক-গবেষক, বাংলা একাডেমির সম্মানিত ফেলো, বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. মাহবুবুল হক আজ ২৫শে জুলাই ২০২৪ প্রয়াত হয়েছেন।

বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ প্রণয়ন ও প্রকাশনার সঙ্গে তিনি ওতপ্রোতভাবে জড়িত ছিলেন। এছাড়া বিভিন্ন সময় একাডেমির ভাষা, ব্যাকরণ ও অভিধান সম্পর্কিত কর্মসূচির সঙ্গে তাঁর যুক্ততা চিরস্মরণীয় হয়ে থাকবে। বাংলা প্রবন্ধসাহিত্যে তিনি মৌলিকত্ব ও স্বাতন্ত্র্যের স্বাক্ষর রেখে গেছেন। মহান মুক্তিযুদ্ধ, প্রগতিশীল ছাত্ররাজনীতি, লোকসংস্কৃতি এবং নজরুলচর্চায় ড. মাহবুবুল হকের অবদান কখনও বিস্মৃত হওয়ার নয়।

বাংলা একাডেমি ড. মাহবুবুল হকের আত্মার শান্তি কামনা করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি জ্ঞাপন করছে আন্তরিক সমবেদনা।


25/7/2024

ড. মোঃ হাবুন-উর-রশিদ আসকারী

মহাপরিচালক

বাংলা একাডেমি, ঢাকা